দৈনিক ইনকিলাব

তারিখ ...2 9 DEC 1991 ...
পৃষ্ঠা... ১ ... কলাম ... ১ ...

২২

৩৩

# রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল নিয়ে নানা প্রশ্ন

॥ রাজশাহী অফিস ॥

২৮ ডিসেম্বর।— রাজশাহী বোর্ডের এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল নিয়ে নানা প্রশ্ন সৃষ্টি হয়েছে। সহস্রাধিক পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হয়েছে।

পরীক্ষায় পাসের হার নিয়ে অভিভাবক, পরীক্ষার্থীসহ বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠেছে। পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে অনিয়ম

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## রাজশাহী বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। বিভিন্ন মহল থেকে বিস্ময় প্রকাশ করে বলা হয়, এবারের পরীক্ষা অত্যন্ত ভালভাবে অনুষ্ঠিত হলেও পাসের হার হতাশাজনক। দেশের অন্যান্য বোর্ডের তুলনায় রাজশাহী বোর্ডের পাসের হার অত্যন্ত কম। অভিজ্ঞ মহলের প্রশ্ন, রাজশাহী বোর্ডের কলেজগুলোয় কি লেখাপড়ার মান কমে গেছে না-কি অন্য কিছু?

এদিকে একটি সূত্র জানায়, তাড়াহুড়ো করে ফলাফল প্রকাশ করতে গিয়ে অনিয়ম করা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের গাফিলতির কারণে কুমিল্লা বোর্ডের অনেক আগে পরীক্ষা নেয়া হলেও ফলাফল প্রকাশ করা হয় কুমিল্লা বোর্ডের পরে। এ নিয়ে প্রশ্ন উঠলে কর্তৃপক্ষ তাড়াহুড়ো করতে গিয়ে অনিয়ম করেছেন বলে অভিযোগ করা হয়েছে।

কোন কোন প্রধান পরীক্ষক নম্বরপত্র জমা দিতে বিলম্ব করায় এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে সূত্র জানায়। কোন কোন নম্বরপত্র যাচাই ছাড়াই ফলাফল প্রকাশ করা হয়েছে বলে জানা গেছে। এদিকে সহস্রাধিক পরীক্ষার্থীর ফলাফল এবার স্থগিত রাখা হয়েছে।